

## একুশ দফা দাবিতে শিক্ষক সমিতি ফেডারেশনের কর্মসূচি ঘোষণা

যুগান্তর রিপোর্ট

স্বাভাবিক শিফা প্রতিষ্ঠান প্রধান ও  
শিক্ষকদের হারানির প্রতিবাদ এবং নতুন

জাতীয় পে-স্কেল ও পূর্ণাঙ্গ পেনশন ব্যবস্থা  
প্রবর্তনসহ ২১ দফা দাবিতে বাংলাদেশ  
শিক্ষক সমিতি ফেডারেশন দুমুস্বাণী  
কর্মসূচি ঘোষণা করেছে। কর্মসূচির সুধা  
রয়েছে বিক্ষোভ সমাবেশ, স্মারকলিপি  
পেশ, সভাবিনিময় ও প্রতিনিধি সভা।  
গভাকাল রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে  
অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে এক  
কর্মসূচি ঘোষণা করা হয়।  
সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ  
করেন সংগঠনের সভাপতি শেখ  
আমানুল্লাহ। বিভিন্ন প্রশ্নের উত্তর দেন  
কর্মসূচি : পৃষ্ঠা : ২ কলাম : ৮

### কর্মসূচি : শিক্ষক

(শেষ পৃষ্ঠার পর)

সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক  
আহমেদ : উপস্থিত ছিলেন মোহাম্মদ  
আজিজুল ইসলাম, অধ্যাপক আসাদুল হক,  
এসএমএ জাহির, খান মোশাররফ হোসেন,  
অধ্যক্ষ শাহাদৎ হোসেন রানা, ডা.  
ওগাহেদ, নূরুন্নাহী সিন্দীক প্রমুখ। ঘোষিত  
কর্মসূচি হচ্ছে : ১১ থেকে ১৮ মার্চ  
সভাবিনিময় সভা, ১৬ মার্চ উপজেলা  
পর্যায়ে, ১৯ মার্চ জেলা পর্যায়ে ও ২০ মার্চ  
কেন্দ্রীয় শহীদ মিনারে বিক্ষোভ সমাবেশ ও  
স্মারকলিপি পেশ, ২৩ মার্চ প্রধানমন্ত্রীর  
কাছে, ২৪ মার্চ বিরোধীদলীয় নেতার  
কাছে, ২৫ এপ্রিল বিভিন্ন বোর্ড  
চেয়ারম্যানের কাছে এবং ২০ এপ্রিল  
রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি পেশ, ৩০  
এপ্রিল বিভাগীয় পর্যায় সমাবেশ এবং ৮  
মে সংগঠনের প্রতিনিধি সভা।